নতুন আতঙ্ক! বিশ্বে প্রথম মানব শরীরে বার্ড ফ্লু’র সংক্রমণ

করোনার মধ্যেই এবার সামনে এলো নতুন আতঙ্ক। বিশ্বে প্রথম মানুষের মধ্যে বার্ড ফ্লু ভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে। শনিবার রুশ কর্তৃপক্ষ এ তথ্য জানিয়েছে।

এ ব্যাপারে রাশিয়ার স্বাস্থ্য পর্যবেক্ষক সংস্থা রোজপোত্রেবনাদজরের প্রধান আন্না পোপোভা জানিয়েছেন, ভেক্টর ল্যাবরেটরির বিজ্ঞানীরা রাশিয়ার দক্ষিণাঞ্চলের একটি পোলট্রি খামারের সাত শ্রমিকের কাছ থেকে H5N8 স্ট্রেনের জিনগত উপাদানগুলো পৃথক করেছিলেন। ওই খামারে গত ডিসেম্বরে বার্ড ফ্লুর প্রাদুর্ভাব হয়েছিল।

তিনি জানান, শ্রমিকদের কোনো গুরুতর স্বাস্থ্যগত সমস্যা হয়নি। পোপোভা বলেন, ‘বিশ্বে প্রথমবারের মতো মানুষের মধ্যে অ্যাভিয়ান ফ্লুর সংক্রমণের ঘটনাটি বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে জানানো হয়েছে।’

অ্যাভিয়ান ফ্লু ভাইরাসের বেশ কয়েকটি রূপ আছে। এর মধ্যে H5N8 রূপটি পাখির জন্য প্রাণঘাতি। এই ভাইরাস এর আগে কখনোই মানবদেহে সংক্রমিত হয়নি।

ইসরায়েল যখন পরমাণু বোমা বানাচ্ছে তখন কীসের উদ্বেগ: ইরান

ইরানের পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মাদ জাওয়াদ জারিফ তার দেশের পরমাণু কর্মসূচি নিয়ে আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা ও পশ্চিমা দেশগুলোর দ্বৈত নীতির তীব্র সমালোচনা করেছেন।

তিনি বলেছেন, ‘পশ্চিমারা যখন ইসরায়েলের পরমাণু অস্ত্র কর্মসূচির ব্যাপারে অন্ধ থাকার নীতি অনুসরণ করছে, তখন ইরানের বেসামরিক পরমাণু কর্মসূচির ব্যাপারে তাদের কীসের উদ্বেগ। এ ব্যাপারে তাদের উদ্বেগ মানায় না।’

জারিফ শনিবার নিজের অফিসিয়াল টুইটার পেজে লিখেন, ‘ইহুদিবাদী ইসরায়েল মধ্যপ্রাচ্যের একমাত্র পরমাণু অস্ত্র নির্মাণ কারখানা ‘দিমুনা’র সম্প্রসারণ করছে। অথচ এ ব্যাপারে কেউ টু শব্দটি পর্যন্ত করছে না।’

টুইটার বার্তায় তিনি আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন, আইএইএ, ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন, ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাকরন এবং জার্মান চ্যান্সেলর অ্যাঙ্গেলা মার্কেলের নাম উল্লেখ করে, তাদের উদ্দেশ করে বক্তব্য দেন।

ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেন, ‘আপনারা অত্যন্ত উদ্বিগ্ন? উদ্বিগ্ন? এমনকি একটুখানি? আপনাদের কি মন্তব্য করার অধিকার আছে? আমিতো এমনটিই ভাবতাম।’

সূত্র: পার্সটুডে

আশা করি, সর্বস্তরে বাংলা প্রচলন হবে: সিইসি

সরকারি সব দফতর-সংস্থার সর্বস্তরে বাংলা প্রচলনের আশাবাদ ব্যক্ত করেছেন প্রধান নির্বাচন কমিশনার কে এম নূরুল হুদা। আজ রবিবার কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধার্ঘ্য নিবেদন শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

প্রধান নির্বাচন কমিশনা বলেন, ‘নির্বাচন কমিশন (ইসি) ইতোমধ্যেই তাদের তিনটি নীতিমালা ইংরেজি থেকে বাংলায় করার জন্য আইন মন্ত্রণালয়ের কাছে পাঠিয়েছে। আশা করছি, দ্রুততম সময়ের মধ্যেই এই নীতিমালাগুলো ইংরেজি থেকে বাংলায় রূপান্তরিত হবে।’

‘শুধু নির্বাচন কমিশন নয়, সরকারি সব প্রতিষ্ঠান, সংস্থা তাদের নীতিমালা বাংলায় নিয়ে আসবে বলে আমি আশা করি। ইতোমধ্যেই কাজ শুরু হয়েছে। পরিবর্তন হচ্ছে। আশা করি, সর্বস্তরে বাংলা প্রচলন হবে।’

একুশের প্রথম প্রহরে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পক্ষ থেকে মহান ভাষা আন্দোলনের বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন।

রাত ১২টা ১টি মিনিটে প্রথমে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষ থেকে তাঁর সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম এবং এর পরপরই প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে তাঁর সামরিক সচিব মেজর জেনারেল নকিব আহমদ চৌধুরী শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ শেষে দুই সামরিক সচিব সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থেকে ভাষা শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পর স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর পক্ষ থেকে এক উচ্চ পর্যায়ের কর্মকর্তা শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার পক্ষ থেকে সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের দলের সিনিয়র নেতাদের সঙ্গে নিয়ে দলের পক্ষ থেকে শহীদ মিনারে পুনরায় পুষ্পস্তবক অর্পণ করেন।

এরপর জাতীয় সংসদের বিরোধী দল জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের দলীয় নেতাদের নিয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শোলমারী বালিকা বিদ্যালয়ে আলোচনা ও দোয়া মাহফিল

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে বিদ্যালয়ের সম্মেলন কক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান এর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য দেন সহকারী শিক্ষক আব্দুল আলিম, আব্দুল জাব্বার, ফারুক হোসেন। এসময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক মমতাজ পারভিন, মর্তুজা ফারুক, অফিস সহকারী রিপন আলীসহ বিদ্যালয়ের কর্মচারীবৃন্দ।

পরে ভাষা শহীদদের আত্মার মাগফেরাত কামনা দোয়া পরিচালনা করেন বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক শরিফউদ্দিন।

মেহেরপুরে আলুর দাম না পেয়ে লোকসান গুনতে হচ্ছে বিঘা প্রতি ৫-১০ হাজার টাকা

মেহেরপুরে আলুর দাম না পাওয়ায় চরম ক্ষতির সম্মুখীন হচ্ছে কয়েক’শ আলু চাষী। বিঘা প্রতি ৫-১০ হাজার টাকা লোকসান গুনতে হচ্ছে চাষীদের। কৃষি বিভাগের হিসেবে প্রতিবছর আলু চাষ করেন প্রায় ৮০ লাখ কৃষক। এ বছর বড় ধরণের ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে আলু

কিনলে ১০-১২ টাকাই ঢাকার পাইকারী ব্যবসায়ীদের কাছে বিক্রি করছেন। এতে পরিবহণ খরচসহ তাদের মোট যে খরচ হচ্ছে, তাতে বিপুল পরিমাণ লোকসান গুনতে হচ্ছে তাদেরও।

মেহেরপুর কৃষি অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ স্বপন কুমার খাঁ জানান, মেহেরপুরের মাটি অনেক উর্বর। চলতি বছরে আলুর আবাদ অনেক বেশী হয়েছে। জেলায় ১২৭৫ একর জমিতে আলু আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। গত বছরের ১২৪০ একর আলুচাষ হয়েছিল। এবার বেশি আলু চাষ করা হয়েছে। তবে বাস্তবে লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। বাজারে দাম ভালো থাকায় আলু চাষে কোমর বেঁধে মাঠে নেমেছেন। স্থানীয় প্রশাসন দিয়ে বাজার মনিটিরিং করা হচ্ছে।

মহেশপুরে হনুমান সংরক্ষণ কার্যক্রমের উদ্বোধন

গত শুক্রবার বিকালে ঝিনাইদহের মহেশপুরের ভবনগর গ্রামে হনুমান সংরক্ষণ কার্যক্রমের উদ্বোধন করেন প্রধান বন সংরক্ষক মোঃ আমির হোসেন চৌধুরী।

বিভাগীয় বন কর্মকর্তা সামাজিক বন বিভাগ যশোর সাজ্জাদুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন, প্রধান বন সংরক্ষক আমির হোসাইন চৌধুরী।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, যশোর বন সংরক্ষক মোল্লা রেজাউল করিম, মহেশপুর উপজেলা চেয়ারম্যান ময়জদ্দীন হামীদ, কুষ্টিয়া বিভাগীয় বন কর্মকর্তা সালেহ মোহাম্মদ সোহাইদ খাঁন, যশোর সহকারী বন সংরক্ষক অমিতা মন্ডল, মহেশপুর প্রেস ক্লাবের সভাপতি আব্দুর রহমান।

উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর ফোরেস্টার এমএম মিজানুর রহমান, কালীগঞ্জ ফোরেস্টার আলাউদ্দিন, ইউপি চেয়ারম্যান আমান উল্লাহ হক, মহেশপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এসএম এনামুল হক দুলু, যুগ্ম-সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সাংবাদিক এসএম রাজন, নাজমুল

হোসেন প্রমুখ।

উল্লেখ্য, ভবনগর গ্রামে দীর্ঘদিন ধরে ২শতাধিক হনুমান রয়েছে। খাদ্য সংকটের কারণে হনুমানগুলি ক্ষেত খামারে ও লোকজনের বাড়িতে উপদ্রব করায় অনেকেই বিরক্ত হয়ে হনুমানের ক্ষতি করছে এমনি অঙ্গহানি ও ফাঁদে জড়িয়ে হনুমান মারা হয়েছে। এ সংক্রান্ত গণমাধ্যমে বিভিন্ন সময় সংবাদ প্রকশিত হয়।

প্রধান বন সংরক্ষক সিসিএফ আমির হোসেন প্রধান বন কর্মকর্তার নির্দেশে ঐ গ্রাম সরেজমিন পরিদর্শন করেন এবং গত শুক্রবার সরকারিভাবে হনুমানগুলোর খাদ্য সরবরাহের উদ্বোধন করা হয়েছে। একই সাথে তিনি কোটচাঁদপুরে বন ভিভাগের দ্বিতল ভবনের উদ্ধোধন করেন।

কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক সাধারণ সভা, ৮ মার্চ নির্বাচন

গতকাল শনিবার সকাল ১০ টার দিকে কেরুজ গ্যারেজ সেডে আয়োজন করা হয় শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক সাধারণ সভা। নির্ধারিত সময়েও শুনশান ছিলো সভা চত্বর। সাড়ে ১১ টার পর থেকে শ্রমিক সংগঠন থেকে দলেদলে মিছিল সহকারে নেতারা কর্মী সমর্থকদের নিয়ে হাজির হন সভাস্থলে।

দুপুর ১২ টার দিকে শুরু হয় আলোচনা পর্ব। পবিত্র কোরআন তেলোয়াত ও জাতীয় পতাকা উত্তোলনের মধ্যদিয়ে সভার কার্যক্রম শুরু হয়। শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি তৈয়ব আলীর সভাপতিত্বে সভায় বার্ষিক আয়-ব্যয়ের হিসাবসহ ৫ পৃষ্টা বিশিষ্ট প্রতিবেদন পাঠ করেন সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ।

২০১৯ সালের আয় দেখানো হয়েছে ১১ লাখ ৫৭ হাজার ৩১৭ টাকা। ওই বছরেই ব্যয় করা হয়েছে ৫ লাখ ৭০ হাজার ৫০০ টাকা। অবশিষ্ট টাকার পরিমাণ ৫ লাখ ৮৬ হাজার ৮১৭ টাকা। ২০২০ সালে আয় হয়েছে ১২ লাখ ৪৫ হাজার ১৫৩

টাকা এবং ব্যয় হয়েছে ৬ লাখ ৩৬ হাজার ৫৬০ টাকা। ফলে ২ বছরের আয়-ব্যয় হিসাবে অবশিষ্ট টাকার পরিমাণ ৬ লাখ ৮ হাজার ৫৯৩ টাকা।

সভায় অন্যান্যের মধ্যে আলোচনা করেন সভাপতি প্রার্থী ফিরোজ আহমেদ সবুজ, সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স, বর্তমান পরিষদের সহ-সম্পাদক খবির উদ্দিন, আবু সাঈদ, হাজি আকরাম আলী, এসএম কবির, মোহন ইসলাম, নুর ইসলাম, ইদ্রিস আলী, হাফিজুল ইসলাম, সাইফ উদ্দিন সুমন প্রমুখ।

সহ-সভাপতি মোস্তাফিজুর রহমানের উপস্থাপনায় আরো আলোচনা করেন সাবেক সহ-সভাপতি ফারুক আহমেদ, রেজাউল করিম, ইসমাইল হোসেন, বাবর আলী, শরিফুল ইসলাম প্রমুখ। সভায় ৫ সদস্য বিশিষ্ট প্রস্তাবিত নির্বাচন পরিচালনা কমিটি ঘোষণা করা হয়েছে। নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান হিসেবে মনোনীত করা হয়েছে চিনিকলের মহাব্যবস্থাপক (অর্থ) রাব্বিক হাসান, সদস্য সচিব ব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদাহ হাসান বাদশা, উপ-ব্যবস্থাপক (সংস্থাপন) আবুল ফাত্তাহ, গ্যারেজ ইঞ্জিনিয়ার আবু সাঈদ ও সহব্যবস্থাপক (ভূমি) জহির উদ্দিনকে।

গত নির্বাচনের তুলনায় এবারের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে মাত্র ১ দিন আগে। সাধারণ সভা অনুষ্ঠিত হলো ৬ দিন আগে। কেরুজ নির্বাচন মানেই মহাৎসব। এ নির্বাচন গোটা জেলাবাসীকে জানান দেয়। গোটা মরসুম জুড়ে নির্বাচনী বাতাশ থাকে গরম। কেরুজ আঙ্গিনা ভোটার ও বহিরাগতদের পদচারনায় মুখরিত থাকে। প্রার্থীদের দৌঁড়-ঝাপ-ভোটারদের দলে ভেড়ানোর কায়দা-কৌশল অবলম্বনে থাকে না কমতি। ভোটারদের মন গলাতে বানের পানির মতো খরচ করা হয়ে থাকে টাকা। দীর্ঘদিনের এ ধারাবাহিকতা খানেকটা থমকে গেছে এবারের নির্বাচনে। ভোটের বাকী মাত্র ১৫ দিন।

নেই নির্বাচনী আলোচনা, প্রচারণা, দৌঁড়-ঝাপ, সংগঠন অফিসগুলোতে নেই ভোটারদের আনা-গোনা, সন্ধ্যা নামার সাথে সাথে আলোক সজ্জায় সজ্জিত সংগঠন কার্যালয়গুলো পেট ভোজনের আয়োজন পড়ছেনা চোখে। অনেকটাই যেন ভূতরে অবস্থায় পরিণত হয়েছে কেরুজ এলাকা। এবার প্রার্থীরা ভোটার ও সমর্থকদের নিয়ে কোনই মহড়া দিচ্ছেনা। দেখাচ্ছেনা দল ভারী দেখানো শো-ডাউন। নেপথ্যে রয়েছে বহু রহস্য। অনেকেই মন্তব্য করে বলেছে, চাকে সেই মধু নেই বলেই কি মৌমাছির গুনগুনানি বন্ধ? থলেতে কি নেই নিয়োগ ও বদলী বাণিজ্য? নাকী অন্যান্য মিল বন্ধের আতংক বিরাজ করছে কেরুতেও ? এখনো পর্র্যন্ত

কি নির্বাচনে প্রার্থীদের প্রধান হাতিয়ার মদ বিক্রয় কেন্দ্রের এজেন্টদের দেখা মিলেনি? নাকী এজেন্টরা অবস্থা বুঝে ব্যবস্থা নেবে?

দীর্ঘদিন সংগঠন কার্যালয়গুলো জনমানবহীন থাকলেও হঠাৎ করেই গতকাল থেকে জমজমাট অবস্থায় পরিণত হওয়ার নেপথ্যের রহস্যই বা কি? তবে গতকাল শনিবার সকাল থেকেই সংগঠনগুলো ছিলো কর্মী, সমর্থক, ভোটার ও বহিরাগতদের ভীড়। প্রত্যেক সংগঠন থেকে বিশাল র্যালি সহকারে সভাস্থলে যোগদান করা হয়েছে। এ নির্বাচনে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে জানিয়েছেন, তৈয়ব সংগঠনের কর্ণধর বর্তমান পরিষদের সভাপতি তৈয়ব আলী ও সবুজ সংগঠনের কর্ণধর ফিরোজ আহমেদ সবুজ।

সাধারণ সম্পাদক পদে মাঠে থাকবেন বলে জানিয়েছেন মাসুদ সংগঠনের কর্ণধর বর্তমান সাধারণ সম্পাদক মাসুদুর রহমান ও প্রিন্স সংগঠনের কর্ণধর সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স। এ ছাড়া সহ-সভাপতি ও যুগ্ম-সম্পাদকসহ সদস্য পদে অসংখ্য প্রার্থীর নাম শোনা যাচ্ছে। কবে নাগাদ নির্বাচন পরিচালনা কমিটি তফসিল ঘোষণা করবে তা এখনো জানা যায়নি।

মিরপুরের মশানে ওয়েব অরমিক্স ইনস্টিটিউটের উদ্বোধন

কুষ্টিয়ার মিরপুর উপজেলার মশান বাজারে ওয়েব অরমিক্স ইনস্টিটিউটের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার বিকালে মশান বাজারের রূপালী ব্যাংকের নিচতলায় এক অনুষ্ঠানের মাধ্যমে এ প্রতিষ্ঠানের উদ্বোধন করা হয়।

বারুইপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মমিনুল হক ফিতা কেটে এ প্রতিষ্ঠানের উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, বেকারত্ব দুর করতে বিভিন্ন কারিগরি প্রশিক্ষণের

বিকল্প নাই। আজকের এই প্রতিষ্ঠান উদ্বোধনী কার্যক্রমের মাধ্যমে এলাকা ও আশপাশ এলাকার শিক্ষিত বেকার যুবকদের কম্পিউটার অফিস এপ্লিকেশন, গ্রাফিক্স ডিজাইনসহ কার ড্রাইভিং প্রশিক্ষণ এর মধ্য দিয়ে কর্মসংস্থানের সৃষ্টি হবে। কারণ প্রশিক্ষণ গ্রহণ করলে অবশ্যই কর্মসংস্থানের দ্বার উন্মোচন ঘটবেই। আমি এই প্রতিষ্ঠান সাফল্য কামনা করি।

ওয়েব অরমিক্স ইনস্টিটিউটের পরিচালক মোঃ নাজমুল ইসলামের সভাপতিত্বে ও এডমিন নুপুর নাহার বিশ্বাস (লাবনী)’র সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বাজারের বিশিষ্ট ব্যবসায়ী খন্দকার লুৎফর রহমান, রবিউল আলম মুকুল, নাসির উদ্দিন বিশ্বাস, মাসুম আলীসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ এ সময় উপস্থিত ছিলেন।

ওয়েব অরমিক্স ইনস্টিটিউটের এডমিন নুপুর নাহার বিশ্বাস (লাবনী) বলেন, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত এ প্রতিষ্ঠানে ৩/৬ মাস মেয়াদী কম্পিউটার অফিস এপ্লিকেশন, ৬ মাস মেয়াদী গ্রাফিক্স ডিজাইন, ১/২ মাস মেয়াদী প্রাইভেট কার ড্রাইভিং প্রশিক্ষণ ও ২ মাস মেয়াদী ইংলিশ স্পোকেন এর প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।

বঙ্গবন্ধু সৈনিকলীগ’র গাংনী উপজেলা কমিটি গঠন

বঙ্গবন্ধু সৈনিকলীগ গাংনী উপজেলা শাখার ৫১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যায় বঙ্গবন্ধু সৈনিক লীগের মেহেরপুর জেলা কার্যালয়ে ৫১ সদস্য বিশিষ্ট ৩ বছরের জন্য এ কমিটির ঘোষণা দেন মেহেরপুর জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সভাপতি সোহেল রানা।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সহ-সভাপতি পলাশ, সাধারণ সম্পাদক তরুণ আহমেদসহ নেতার্কমীরা।

গাংনী উপজেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সভাপতি জিয়াউল হক ও আমিরুল ইসলামকে সাধারণ সম্পাদক করে ৫১বিশিষ্ট কমিটির ঘোষণা দেওয়া হয়।

কমিটির অন্য সদস্যরা হলেন সহ-সভাপতি মনিরুল হাসান, হেলাল উদ্দিন, রাকিবুল ইসলাম, আনারুল ইসলাম, যুগ্ম-সাধারণ সম্পাদক তুষার ইমরান, তুহিন আহমেদ, ফারুক হোসেন, সাংগঠনিক সম্পাদক আমজাদ হোসেন সুমন, যুগ্ম-সাংগঠনিক সম্পাদক জিনারুল ইসলাম ও জাকির হোসেন, প্রচার সম্পাদক লিখন, দপ্তর সম্পাদক জাহেদ, অর্থ বিষয়ক সম্পাদক জাকির হোসেন, মহিলা বিষয়ক সম্পাদক ফেরদৌসী খাতুন, যুগ্ম-সম্পাদক ইয়াসমিন মমতাজ চামেলি খাতুন প্রমুখ।